গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুন বাগিচা, ঢাকা।

নথি নং- ৫(৩)শুল্ক মূল্যাঃ/শুমূদঃ/২০০১/ তারিখ ঃ ১৩/০৭/২০০২ ইং।

বোর্ডের আদেশ

**বিষয় ঃ শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা দপ্তরের চার্টার অব ডিউটিজ নির্ধারণ প্রসঙ্গে।**

এতদ্বারা বোর্ড Customs Valuation and Internal Audit কার্যালয়ের নিম্নরূপ চার্টার অব ডিউটিজ নির্ধারণ করিল, যথাঃ-

(ক) শুল্ক মূল্যায়ন সম্পর্কিত কাজ ঃ

(১) শুল্ক মূল্যায়ন সম্পর্কিত বিষয়ে সমন্বয়কারী হিসাবে দায়িত্ব পালন। এলক্ষে-

* সকল শুল্ক ভবন/ষ্টেশনে শুল্কযোগ্য মূল্য সামঞ্জস্যকরণের লক্ষ্যে সমন্বয় সভা অনুষ্ঠান ;
* শুল্ক ভবন/ষ্টেশনে মূল্য তথ্য আদান-প্রদানের মাধ্যম হিসাবে কাজ করা ;
* কোন শুল্ক ভবন/ষ্টেশনে কি মূল্যে কোন পণ্য শুল্কায়িত হচ্ছে তা নিয়মিত মনিটরিং।

(২) GATT 1994 এর Customs Valuation Agreement (GVA) বাস্তবায়নে বোর্ডকে সার্বিক সহায়তা প্রদান। এলক্ষ্যে-

* Legistive Requirment চিহ্নিত করণ;
* আইন/বিধান সামঞ্জস্যপূর্ণ করণে বোর্ডকে পরামর্শ প্রদান;
* শুল্ক মূল্যায়ন বিধিমালা বাস্তবায়ন মনিটরিং;
* GVA এর বিভিন্ন পদ্ধতির প্রয়োগিক রীতি সম্পর্কে Booklet প্রস্তুত ও বিতরণ ;
* GVA বাস্তবায়নে সাংগঠিক ও প্রয়োগিক সমস্যা চিহ্নিত করণ ;
* GVA সংক্রান্ত বিষয়ে WTO/WCO এর সাথে লিয়াজো রক্ষা এবং Contact Point হিসাবে কাজ করা (এবং বোর্ডের সাথে সমন্বয়) ;
* WTO/WCO থেকে Valuation বিষয়ে প্রকাশিত বিভিন্ন প্রকার প্রকাশনা সংগ্রহ, সংরক্ষণ ও প্রয়োজনে তা বিতরণ (এবং এই বিষয়ে বোর্ডের সাথে সমন্বয়) ;
* Valuation বিষয়ে Training Need Assessment এবং ট্রেনিং অনুষ্ঠান ;
* Valuation বিষয়ে প্রতিবেশী দেশ সমূহের সাথে লিয়াজো রাখা ;
* Valuation বিষয়ে সভা সেমিনারের আয়োজন করা ; এবং
* GATT Valuation সংক্রান্ত যে কোন ঃবপযহরপধষ সমস্যায় জাতীয় রাজস্ব বোর্ড/বিভিন্ন শুল্ক ষ্টেশনকে বিশেষজ্ঞ মতামত প্রদান।

(৩) Valuation Data Base (VDB) তৈরী, হালনাগাদ করণ ও মাঠ পর্যায়ে বিতরণ। এ লক্ষ্যে-

* PSI সংস্থা সমূহ থেকে CRF মূল্য তথ্য সংগ্রহ ;
* বিভিন্ন শুল্ক ভবন/ষ্টেশন থেকে শুল্কায়িত ই/ডি সংগ্রহ ;
* Valuation বিষয়ে প্রকাশিত আন্তর্জাতিক জার্নাল, বুলেটিন, সংবাদপত্র এবং ইন্টারনেট থেকে মূল্য তথ্য সংগ্রহ এবং সংগৃহীত তথ্য সমন্বয় সম্পাদন;
* VDB এর ব্যবহার পরিবীক্ষণ;
* VDB সম্পর্কে মাঠ পর্যায়ের জিজ্ঞাসার জবাব প্রদান;
* VDB এর ব্যবহার সম্পর্কে দিক-নির্দেশনা প্রণয়ন, এবং
* হালনাগাদ করে প্রতিমাসে VDB শুল্ক ভবন/ষ্টেশনে বিতরণ।

(৪) বিভিন্ন দেশের রপ্তানীকারকের বাংলাদেশী এজেন্ট, Distributor, Franchisee ইত্যাদি প্রতিষ্ঠানের তালিকা সংরক্ষণ ও হালনাগাদকরণ;

(৫) বাংলাদেশী Indentor দের তালিকা সংরক্ষণ ও হালনাগাদকরণ এবং তাদের প্রদত্ত দর সংগ্রহ ও সংরক্ষণ;

(৬) Valuation বিষয়ক Annual Report প্রণয়ন ও প্রকাশ করা;

(৭) Valuation বিষয়ক শুল্ক ভবন/স্টেশন থেকে প্রাপ্ত মূল্য জিজ্ঞাসার জবাব সংগ্রহ ও সরবরাহ করা;

(৮) অসম প্রতিযোগিতা রোধ কল্পে মিথ্যামূল্য ঘোষণা সম্পর্কে প্রাপ্ত অভিযোগ গ্রহণ/সংগ্রহ এবং পর্যালোচনা করা;

(৯) পণ্য মূল্যের মিথ্যা ঘোষণা দ্বারা সৃষ্ট Commercial Fraud বা বাণিজ্যিক তস্করতা রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ এবং এ বিষয়ে প্রাপ্ত তথ্য শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর সহ সংশ্লিষ্ট শুল্ক ভবন/স্টেশনে প্রেরণ;

(১০) প্রধান প্রধান সরবরাহকারী দেশের (যেমন-ভারত, গণচীন, মালয়েশিয়া, সিঙ্গাপুর, শ্রীলঙ্কা ইত্যাদি) সহিত বিনিময় মূল্য বিষয়ে দ্বি-পাক্ষিক সহযোগিতামূলক চুক্তি সম্পাদনে উদ্যোগ গ্রহণে বোর্ডকে সহায়তা করা;

(১১) প্রধান প্রধান আমদানিকারকের আমদানি পণ্যওয়ারী তালিকা সংগ্রহ ও সংরক্ষণ;

(১২) প্রধান প্রধান সরবরাহকারীদের পণ্যওয়ারী তালিকা সংগ্রহ ও সংরক্ষণ;

(১৩) রাজস্ব গুরুত্বপূর্ণ পণ্যের মূল্য তালিকা সংরক্ষণ, মূল্যের গতি-প্রকৃতি (trend) মনিটর এবং বোর্ডের চাহিদা মোতাবেক তাৎক্ষণিক ভাবে মূল্য তথ্য সরবরাহ; এবং

(১৪) শুল্ক মূল্যায়ন বিভাগের কাজের প্রয়োজনে মাঠ পর্যায়ের দপ্তরে ভিজিট করা।

**খ. অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পর্কিত কাজ ঃ**

(১) শুল্কায়নের যথার্থতা যাচাইয়ের লক্ষ্যে selectivity criteria এর ভিত্তিতে বিভিন্ন শুল্ক ভবন/স্টেশনের শুল্কায়িত বিল অব এন্ট্রি ও তদসংক্রান্ত দলিলাদি খালাসোত্তর নিরীক্ষা (Post Clearence Audit) পরিচালনা;

(২) নিরীক্ষাকালে মূল্য. শ্রেণীবিন্যাস, সঠিক শুল্কহার প্রয়োগ ও বিভিন্ন আইনের বিধিবিধানে সঠিক প্রয়োগ করা হয়েছে কীনা তা দেখা এবং অনাদায়ী শুল্ক কর আদায়ের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ এবং সংগঠিত ভ্রান্তি সম্পর্কে আইনগত পদক্ষেপ নেয়ার জন্য প্রস্তাব প্রণয়ন;

(৩) Related Party Transactions অথবা যথাযথ তথ্যের অভাবে GVA এর Article- 1,2,3 এর আওতায় Valuation করা যায় নাই বিধায় GATT Valuation Agreement এর Article-13 এবং Uruguay Round Ministerial Decision এর ক্ষমতাবলে Provisionally Assessed Consignments এর ক্ষেত্রে সংশ্লিষ্ট শুল্ক ভবন/স্টেশন কর্তৃপক্ষের অনুরোধে কিংবা স্বতঃপ্রণোদিত হয়ে আমদানিকারকের premise এ গিয়ে আমদানি দলিলপত্রের খালাসোত্তর নিরীক্ষা (Post Clearence Audit) পরিচালনা করা;

(৪) কমিশনার বন্ড কাস্টমস্, মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর এবং মহাপরিচালক, পরিদর্শন পরিদপ্তর এর সহযোগিতায় সমন্বিতভাবে বার্ষিক নিরীক্ষা কর্মসূচী প্রণয়ন;

(৫) নিরীক্ষার ফলাফল সংশ্লিষ্ট ষ্টেশন কর্মকর্তাকে যত শীঘ্র সম্ভব জ্ঞাত করা এবং প্রতিটি নিরীক্ষা প্রতিবেদনের কপি জাতীয় রাজস্ব বোর্ড, সংশ্লিষ্ট কমিশনার এবং সংশ্লিষ্ট স্টেশন প্রধানকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রদান;

(৬) নিরীক্ষা সংক্রান্ত বিধি বিধান ও আইন প্রণয়নে জাতীয় রাজস্ব বোর্ডকে সহায়তা করা; এবং

(৭) নিরীক্ষার ফলাফলের ভিত্তিতে বিভিন্ন আমদানিকারকের জন্য বিভিন্ন চ্যানেল সুবিধা প্রদানের লক্ষ্যে Profile প্রস্তুতে সহায়তা প্রদান।

গ. বোর্ড কর্তৃক এই বিষয়ে অর্পিত অন্য যে কোন দায়িত্ব পালন।

স্বাক্ষরিত/-
( মনযুর মান্নান )
সদস্য (শুল্ক)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।